# দুর্গাপূজায় বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে হিন্দু সম্প্রদায়ের শুভেচ্ছা বিনিময়



সংগৃহীত ছবি

শারদীয় দুর্গোৎসব ও বিজয়া দশমী উপলক্ষে বঙ্গভবনে হিন্দু ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেছেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। এসময় তিনি সকলের মঙ্গল কামনা করেন।

শারদীয় দুর্গোৎসব ও বিজয়া দশমীকে কেন্দ্র করে বৃহস্পতিবার (২ অক্টোবর) সকালে বঙ্গভবনে হিন্দু ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেছেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। প্রায় এক ঘণ্টাব্যাপী এ আয়োজনে রাষ্ট্রপতি উপস্থিতদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাদের সুখ-সমৃদ্ধি কামনা করেন।

অনুষ্ঠানে রাষ্ট্রপতির ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন, প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা অধ্যাপক বিধান রঞ্জন রায় পোদ্দার, মন্ত্রীপরিষদ সচিব ড. শেখ আব্দুর রশিদ, স্বরাষ্ট্র সচিব নাসিমুল গণিসহ বিদেশি কূটনীতিক ও বঙ্গভবনের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

LENS ASIA